

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
হেড অফিস, ঢাকা।

বিষয়: ২০১৯-২০ অর্থবছরের জন্য উদ্ভাবনী ধারণার তথ্য।

১. উদ্ভাবনী ধারণার শিরোনামঃ	BDBL Digital Law Suit Management and Monitoring System.
২. পরিচিতিঃ	উক্ত সিস্টেম/সফটওয়্যার এর মাধ্যমে ব্যাংকের খেলাপী ঋণ গ্রহীতাদের বিরুদ্ধে পাওনা আদায়ের জন্য ব্যাংক কর্তৃক দায়েরকৃত মামলা, উচ্চ ও নিম্ন আদালতে বিচারাধীন মামলা, নিষ্পত্তিকৃত মামলা, সংশ্লিষ্ট মামলা পরিচালনাকারী আইনজীবী, মামলার তারিখ, দাবিকৃত অর্থের পরিমাণ ইত্যাদির বিস্তারিত বিবরণের হালনাগাদ তথ্য প্রাপ্তি, ব্যবস্থাপনা ও পর্যবেক্ষণ সহজতর হবে। আলোচ্য ডেটাবেজ তথা সফটওয়্যার ব্যাংকের খেলাপী ঋণের পরিমাণ হ্রাসকরণে সহায়ক ভূমিকা পালন করবে।
৩. উদ্দেশ্যঃ	ব্যাংকের Law Suit Management and Monitoring System সহজীকরণ।
৪. কর্মপদ্ধতিঃ	উক্ত সিস্টেমটি বাস্তবায়নের জন্য একটি ডেটাবেজ তথা সফটওয়্যার ডেভেলপ করা হবে। উক্ত সফটওয়্যারে ব্যাংকের খেলাপী ঋণ গ্রহীতাদের বিরুদ্ধে পাওনা আদায়ের জন্য ব্যাংক কর্তৃক দায়েরকৃত মামলা, উচ্চ ও নিম্ন আদালতে বিচারাধীন মামলা, নিষ্পত্তিকৃত মামলা, সংশ্লিষ্ট মামলা পরিচালনাকারী আইনজীবী, মামলার তারিখ, দাবিকৃত অর্থের পরিমাণ ইত্যাদির বিস্তারিত বিবরণের হালনাগাদ তথ্য সংরক্ষণ করা হবে। ব্যাংকের সংশ্লিষ্ট অফিস/ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ উক্ত সফটওয়্যারের মাধ্যমে ব্যাংকের মামলা সম্পর্কিত হালনাগাদ তথ্য গ্রহণ/প্রদান, ব্যবস্থাপনা ও পর্যবেক্ষণ করতে পারবে। এছাড়াও, উক্ত সিস্টেম এর মাধ্যমে মামলা সম্পর্কিত আইজীবী ও সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তাকে হাজিরা সম্পর্কিত হালনাগাদ তথ্য মোবাইল এসএমএস এর মাধ্যমে অবহিত করা যাবে।
৫. উপকারিতা/সুফলঃ	ব্যাংকের মামলা ও মামলা পরিচালনাকারী আইনজীবীর বিস্তারিত ও হালনাগাদ ডেটাবেজ মেন্টেইন করা সহজতর হবে। এছাড়াও, উক্ত সিস্টেম এর মাধ্যমে ব্যাংকের সংশ্লিষ্ট অফিস/ব্যবস্থাপনা কর্তৃপক্ষ উক্ত সফটওয়্যারের মাধ্যমে ব্যাংকের মামলা সম্পর্কিত হালনাগাদ তথ্য গ্রহণ/প্রদান, ব্যবস্থাপনা ও পর্যবেক্ষণ করতে পারবে। এছাড়াও, উক্ত সিস্টেম এর মাধ্যমে মামলা সম্পর্কিত আইজীবী ও সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তাকে হাজিরা সম্পর্কিত হালনাগাদ তথ্য মোবাইল এসএমএস এর মাধ্যমে অবহিত করা হবে। আলোচ্য ডেটাবেজ তথা সফটওয়্যার ব্যাংকের খেলাপী ঋণের পরিমাণ হ্রাসকরণে সহায়ক ভূমিকা পালন করবে। ফলশ্রুতিতে, ব্যাংকের সার্বিক ব্যবসায়িক পারফরমেন্স এর উন্নয়ন ঘটবে এবং নিট মুনাফা বৃদ্ধি পাবে।
৬. বাস্তবায়ন ও পরিচালন ব্যয়ঃ	উক্ত সফটওয়্যার-টি ব্যাংকের নিজস্ব প্রোগ্রামারগণ তৈরী করবেন এবং ব্যাংকের বিদ্যমান হার্ডওয়্যার ব্যবহার করা হবে বিধায় এর কোন বাস্তবায়ন ও পরিচালনা ব্যয় নেই।
৭. বাস্তবায়ন সময়কাল (সম্ভাব্য তারিখসহ)	০১-০৭-২০১৯ হতে ৩০-০৬-২০২০
৮. সম্প্রসারণের সুযোগ (যদি থাকে)	অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কাস্টমাইজ করে ব্যবহার করতে পারবে।
৯. সম্ভাব্য ঝুঁকিঃ	এটি সম্পূর্ণ একটি নিরাপদ সিস্টেম। এতে কোন ধরনের ঝুঁকি নেই।

ধারণা প্রদাকারী/বাস্তবায়নকারী কর্মকর্তার নাম ও পদবীঃ

১. জনাব পরিতোষ সরকার, জেনারেল ম্যানেজার, ইনফরমেশন টেকনোলজি এন্ড রিস্ক ম্যানেজমেন্ট ডিভিশন, হেড অফিস, ঢাকা।
২. জনাব মোঃ নজরুল ইসলাম, ডেপুটি জেনারেল ম্যানেজার, আইটি অপারেশন ডিপার্টমেন্ট, হেড অফিস, ঢাকা।
৩. জনাব মোঃ নূর উদ্দিন চৌধুরী, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, ডেট কালেকশন ডিপার্টমেন্ট, হেড অফিস, ঢাকা।
৪. জনাব মোঃ সালেহ উদ্দিন মাহমুদ সৈকত, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, ল ডিপার্টমেন্ট, হেড অফিস, ঢাকা।
৫. জনাব মোঃ নূরুল ইসলাম, প্রিন্সিপাল অফিসার, ইনভেস্টমেন্ট ব্যাংকিং ডিপার্টমেন্ট, হেড অফিস, ঢাকা।
৬. জনাব মোঃ হাবিব উল্লাহ মিলন, প্রিন্সিপাল অফিসার, আইটি সিস্টেম ডিপার্টমেন্ট, হেড অফিস, ঢাকা।